# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 25-02-2026** **Time: 1.30 PM**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু-দিনের সফরে আজ সকালে ইজরায়েল রওনা দিয়েছেন।

# দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক ও কৌশলগত অংশীদারিত্বের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে প্রধানমন্ত্রী মত প্রকাশ করেছেন।

২) বিদেশ সচিব বিক্রম মিশ্রি বিশ্বজুড়ে অনিশ্চয়তার মধ্যে কৌশলগত ক্ষেত্রে স্থিতিশীলতা বজায় রাখা এবং অবিলম্বে যুদ্ধ প্রতিহত করার পক্ষে জোরালো সওয়াল করেছেন।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মহারাষ্ট্রের বুলধানা জেলার শেহগাঁওতে জাতীয় আরোগ্য মেলা ২০২৬ এর সূচনা করছেন।

৪) কানাডা সরকার, ২৬/১১-র মুম্বাই জঙ্গি হামলার মূল ষড়যন্ত্রকারী তাহাউর হোসেন রানার নাগরিকত্ব বাতিলের প্রক্রিয়া শুরু করেছে।

৫) মহিলাদের নিরাময়যোগ্য জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে কেন্দ্রীয় সরকার খুব শীঘ্রই দেশব্যাপী হিউম্যান প্যাপিলোমা ভাইরাস-HPV ভ্যাকসিন চালু করতে চলেছে।

৬) আইসিসি টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে সুপার এইট পর্বের ম্যাচে আজ শ্রীলঙ্কা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু-দিনের সফরে আজ সকালে ইজরায়েল রওনা দিয়েছেন। এটি তাঁর সেদেশে দ্বিতীয় সফর।

রওনা হওয়ার আগে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, তাঁর এই সফর ভারত ও ইজরায়েলের মধ্যে সম্পর্ক আরও সুদৃঢ় করতে সহায়ক হবে। বিমানবন্দরে তিনি সংবাদিকদের বলেন, কৌশলগত অংশীদারিত্ব সম্প্রসারিত করা এবং দুটি দেশের সমৃদ্ধ ও উদ্ভবানী ভবিষ্যত্ সুনিশ্চত করতে তাঁর এই সফর উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। তিন বলেন, ভারত ও ইজরায়েলের মধ্যে যে দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ক রয়েছে, সাম্প্রতিক কয়েক বছরে তার উল্লেখযোগ্য অগগ্রতি হয়েছে। ইজরায়েলের প্রধানমন্ত্রী বেনঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে আলোচনার জন্য তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে উল্লেখ করেন। তাঁদের বৈঠকে বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবন, কৃষি এবং মানুষে মানুষে সংযোগের মত বিভিন্ন ক্ষেত্রে দুটি দেশের সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে আলোকপাত করা হবে। পারস্পারিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে তাঁরা মত বিনিময় করবেন। প্রধানমন্ত্রী আরও জানান, ইজরায়েলের রাষ্ট্রপতি আইজ্যাক হারজোগের সঙ্গেও তিনি বৈঠকে মিলিত হবেন। ইজরায়েলি সংসদ নেসেটেও তিনি ভাষণ দেবেন। এই প্রথম ভারতের কোনো প্রধানমন্ত্রী ইজরায়েলি সংসদে বক্তব্য রাখবেন। সেদেশে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূতদের সঙ্গে মত বিনিময়ের জন্যও তিনি অধীর আগ্রহে অপেক্ষা করছেন বলে নরেন্দ্র মোদী উল্লেখ করেছেন।

ইজরায়েলের প্রধানমন্ত্রীর আমন্ত্রণে নরেন্দ্র মোদীর সেদেশ সফর।

উভয় নেতা দু দেশের মধ্যে কৌশলগত সম্পর্কের বিভিন্ন দিক খতিয়ে দেখার পাশাপাশি একাধিক ক্ষেত্রে সহযোগিতা আরও নিবিড় করার বিষয়ে আলোচনা করবেন। ইজরায়েলে ভারতের রাষ্ট্রদূত জে পি সিং আাকাশবাণীর সংবাদদাতাকে জানিয়েছে, প্রধানমন্ত্রী আজই ইজরায়েলী সংসদে ভাষন দেবেন। আগামীকাল তিনি বৈঠক করবেন সেদেশের রাষ্ট্রপতির সঙ্গে।

বাইট

বিদেশমন্ত্রক জানিয়েছে, দু দেশের দীর্ঘস্থায়ী কৌশলগত সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই সফরকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতিতে নতুন নতুন সমস্যা নিয়েও দুই দেশের নেতৃবৃন্দ আলোচনা করবেন।

বিদেশমন্ত্রকের মুখপাত্র রনধীর জয়সওয়াল বলেছেন, ভারত ও ইজরায়েল দুটি দেশের মধ্যেই যে কৌশলগত অংশীদারিত্বের সম্পর্ক রয়েছে, প্রধানমন্ত্রী সেদেশ সফরে তা আরও নিবিড় হবে বলে আশা করা হচ্ছে। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী জয়সওয়াল বলেন, দুদেশের মধ্যে সম্পর্ক উন্নয়নে প্রধানমন্ত্রীর এই ইজয়ারেল সফর বিশেষভাবে উল্লেখযোগ্য।

---------------------

ভারত বিশ্বজুড়ে অনিশ্চয়তার মধ্যে কৌশলগত ক্ষেত্রে স্থিশীলতা বজায় রাখা এবং অবিলম্বে যুদ্ধ প্রতিহত করার পক্ষে জোরালো সওয়াল করেছেন। বিদেশ সচিব বিক্রম মিশ্রি আজ জেনিভায় পারমানবিক নিরস্ত্রীকরণ সংক্রান্ত এক উচ্চ পর্যায়ের সম্মেলনে সামরিক ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার উপযুক্ত প্রয়োগ এবং প্রতিরক্ষা ক্ষেত্রে এআই-এর

সঠিক ব্যবহারের জন্য জাতীয় রূপরেখা প্রণয়নের ওপর গুরুত্ব দেন। নতুন Strategic Arms Reduction Treaty বা কৌশলগত অস্ত্র প্রসার রোধ চুক্তি অর্থাত্ START বিশ্বব্যাপী অস্ত্র নিয়ন্ত্রণের ক্ষেত্রে কাজ ব্যাহত করেছে বলে তিনি উল্লেখ করেন। আন্তর্জাতিক নিরাপত্তার জন্য কৌশলগত স্থিতাবস্থা বজায় রাখা এবং অস্ত্রের লড়াই বন্ধ করা বিশেষ জরুরী বলে ভারতের মতামতও তুলে ধরেন তিনি।

ভারতকে এক দায়িত্বশীল পরমাণু অস্ত্রধর রাষ্ট্র হিসাবে অভিহিত করে বিক্রম মিশ্রি বলেন, বিশ্বজনীন অবৈষম্যমূলক ও ধাপে ধাপে পরমাণু নিরস্ত্রকরণের পক্ষে ভারত অঙ্গীকারবদ্ধ।

কৃত্রিম মেধার প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মিশ্রি বলেন, সামরিক ক্ষেত্রে এর দায়িত্বপূর্ণ ব্যবহারের প্রতি ভারত প্রতিশ্রুতিবদ্ধ। পরমাণু অস্ত্র সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা মানুষের নিয়ন্ত্রণে থাকবে বলেও তিনি স্পষ্ট জানান।

দক্ষিণী বিশ্বের স্বার্থ রক্ষায় ভারতের গুরুত্বপূর্ণ অবদানের কথাও উল্লেখ করেন বিদেশ সচিব।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ মহারাষ্ট্রের বুলধানা জেলার শেহগাঁওতে জাতীয় আরোগ্য মেলা ২০২৬ এর সূচনা করবেন। কেন্দ্রীয় আয়ূষ মন্ত্রক এই মেলার আয়োজন করেছে। নাগপুরে ব্রহ্মাকুমারী আয়োজিত রাজ্যস্তরে 'একতা ও বিশ্বাসের দ্বারা মহারাষ্ট্রের স্বর্ণযুগ' শীর্ষক একটি অনুষ্ঠানেরও সূচনা করবেন তিনি।

মুম্বইতে গতকাল রাষ্ট্রপতি মুর্মু পি ডি হিন্দুজা হাসপাতালে 'জীবন রক্ষা এবং সুস্থ ভারত গঠন' শীর্ষক দেশব্যাপী কর্মসূচীর সূচনা করেন। ভাষণে রাষ্ট্রপতি, স্বাস্থ্য সুরক্ষার

প্রয়োজনীয়তার ওপর জোর দিয়ে জানান, সরকার গত এক দশকে সুলভ স্বাস্থ্য পরিষেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দিতে আয়ুষ্মান ভারত, মিশন ইন্দ্রধনুষ, যক্ষ্মা মুক্ত ভারত এবং পি এম ভারত সহ একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে।

রাষ্ট্রপতি আগামীকাল জামশেদপুরে জগন্নাথ মন্দিরের ভূমি পুজো অনুষ্ঠানে যোগ দেবেন। এরপর জামশেদপুরের মণিপাল, টাটা মেডিকেল কলেজ পরিদর্শনের সময় তিনি সেখানকার ছাত্রছাত্রীদের সঙ্গে আলাপচারিতায় যোগ দেবেন। শুক্রবার রাষ্ট্রপতি মুর্মু রাজস্থানের পোখরানে একটি অনুষ্ঠানে অংশ নেবেন।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামিকাল ঝাড়খণ্ড সফরে যাবেন। কদমায় শ্রী জগন্নাথ মন্দিরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন তিনি। এছাড়াও, জামশেদপুরের বারিধিতে মণিপাল টাটা মেডিক্যাল কলেজের ভূমিপূজা অনুষ্ঠানেও অংশগ্রহণ করবেন তিনি।
রাষ্ট্রপতির সফর উপলক্ষ্যে সব ধরণের সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে, পূর্ব সিংভূম জেলার ডেপুটি কমিশনার কর্ণ সত্যার্থী এবং জেলা পুলিশের সিনিয়র সুপারিন্টেনডেন্ট এক যৌথ সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

---------------------

সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী নতুন দিল্লির জাতীয় যুদ্ধ স্মারকে ভারত রণভূমি দর্শন অভিযানের সমাপ্তি অনুষ্ঠানের সূচনা করেন। ২২ দিনের এই অভিযানে ৩ হাজার ৪ শো কিলোমিটারের কাছাকাছি দূরত্ব অতিক্রান্ত হয়েছে।

ভারতীয় সেনা, নৌসেনা ও সীমান্ত সুরক্ষা বাহিনী-BSF-এর নেতৃত্বে এই অভিযান চলতি মাসের ৩ তারিখে দ্বারকা থেকে শুরু হয়েছিল। বিভিন্ন যুদ্ধে শহীদ হওয়া দেশের

বীর জওয়ানদের শ্রদ্ধা জানাতে ও সামরিক বাহিনীর ঐতিহ্যের প্রতি সম্মান প্রদর্শনে এই অভিযান চলে।

---------------------

জম্মু ও কাশ্মীরে, জেনারেল অফিসার কমান্ডিং-ইন-চিফ জিওসি-ইন-সি নর্দার্ন কমান্ড লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা গতকাল কিশতোয়ার সফর করেন এবং অপারেশন ত্রাশি সফলভাবে পরিচালনার ক্ষেত্রে সেনাবাহিনীর দ্রুত এবং সুনির্দিষ্ট পদক্ষেপের প্রশংসা করেন। কিশতোয়ার জেলার এক প্রত্যন্ত অঞ্চলে গত রবিবার নিরাপত্তা বাহিনীর সঙ্গে এক সংঘর্ষে জইশ-ই-মহম্মদের কমান্ডার সাইফুল্লাহ সহ তিন জঙ্গি মারা পড়ে।

লেফটেন্যান্ট জেনারেল শর্মা সেনাবাহিনীর জওয়ান এবং পুলিশ এবং অন্যান্য সংস্থার কর্মীদের অভিনন্দন জানিয়ে তাঁদের পেশার প্রতি দায়বদ্ধতার প্রশংসা করেন এবং সন্ত্রাসমুক্ত এবং শান্তিপূর্ণ জম্মু ও কাশ্মীরের লক্ষ্যে সংকল্প পুনর্ব্যক্ত করেন।

---------------------

সাম্প্রতিক বিমান দুর্ঘটনা রুখতে অসামরিক বিমান চলাচল মহা নির্দেশালয় DGCA চার্টার বিমান চলাচলের ক্ষেত্রে কঠোর নিরাপত্তা সংক্রান্ত নির্দেশাবলী ঘোষণা করেছে। গতকাল DGCA নিরাপত্তা বিধি বিষয়ক একটি উচ্চ পর্যায়ের বৈঠকের পর নতুন নিয়মাবলী প্রকাশ করে। DGCA জানিয়েছে, বাণিজ্যিক দিকটি বিবেচনার চেয়ে নিরাপত্তাকে অগ্রাধিকার দিতে হবে এবং পুনরায় নিশ্চিত করেছে যে নিরাপত্তার ভিত্তিতে পাইলট-ইন-কমান্ডের সিদ্ধান্ত চূড়ান্ত হবে। নতুন ব্যবস্থার আরও বলা হয়েছে, অপারেটরদের বিমানের আয়ু, রক্ষণাবেক্ষণের ইতিহাস এবং পাইলটের অভিজ্ঞতা সহ একাধিক গুরুত্বপূর্ণ নিরাপত্তা সংক্রান্ত বিবরণ প্রকাশ করতে হবে।

এই বিবরণের ভিত্তিতে DGCA বিমানের নিরাপত্তার র‍্যাঙ্কিং চালু করবে। পদ্ধতিগত ত্রুটির জন্য ঊর্ধ্বতন  কর্তৃপক্ষকে জবাবদিহি করতে হবে। পাশাপাশি লাইসেন্স স্থগিতকরণ হতে পারে বলে নির্দেশাবলীতে উল্লেখ রয়েছে।

---------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় : এ আই সামিট এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক, সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ (২৫/০২/২৬) রাত সাড়ে ন টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। এই অনুষ্ঠানের দ্বিতীয় তথা শেষ পর্ব শুনতে পাবে আগামীকাল রাত আটটায়।

---------------------

কানাডা সরকার, ২৬/১১-র মুম্বাই জঙ্গি হামলার মূল ষড়যন্ত্রকারী তাহাউর হোসেন রানার নাগরিকত্ব বাতিলের প্রক্রিয়া শুরু করেছে। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফরের আগে এই পদক্ষেপ বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কানাডার প্রধানমন্ত্রী আগামীকাল ভারতে আসছেন। পূর্ববর্তী জাস্টিন ট্রুডো সরকারের আমলে নতুন দিল্লীর সঙ্গে ওটাওয়ার সম্পর্কের যে টানাপোড়েন দেখা দেয়, বর্তমান কানাডা সরকার তার উন্নতির চেষ্টা করছে। তার প্রেক্ষিতেই এই পদক্ষেপ।

উল্লেখ্য, কানাডার নাগরিক তাহাউর হোসেনের জন্ম পাকিস্তানে। ১৯৯৭ সালে তাকে কানাডায় অভিবাসন দেওয়া হয়। সে বর্তমানে ভারতের বিচারাধীন হেফাজতে রয়েছে। ২৬/১১-র ঐ জঙ্গি হামলায় ১৬০ জনের মৃত্যু হয়।

এদিকে, কানাডার অভিবাসন, শরণার্থী ও নাগরিকত্ব কমিটি আইআরসিসি রানাকে জানিয়েছে, ২০০১-এ তাকে যে কানাডার নাগরিকত্ব দেওয়া হয়, তা প্রত্যাহার করে নেওয়া হবে। তার বিরুদ্ধে সন্ত্রাসবাদী কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে এই পদক্ষেপ নয়। কানাডায় বসবাসের ভুল তথ্য দিয়ে তিনি ঐ নাগরিকত্ব পেয়েছিলেন, সেই প্রেক্ষিতে এই পদক্ষেপ বলে  আইআরসিসি জানিয়েছে।

---------------------

মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে কূটনৈতিক সমঝোতার তৃতীয় পর্বের আলোচনা আগামীকাল জেনিভায় হতে চলেছে। এ বিষয়ে অগ্রগতির সম্ভাবনা নিয়ে ইরানের আধিকারিকরা সতর্কতার সঙ্গে আশার ইঙ্গিত দিয়েছেন। বিদেশ মন্ত্রী আব্বাসী বলেছেন কূটনীতিকে অগ্রাধিকার দেওয়া হলে অভূতপূর্ব চুক্তিতে পৌঁছানো সম্ভব হতে পারে।

চলতি বছরের জানুয়ারি মাসে দেশ জুড়ে চলা বিক্ষোভ দমন হিংসাত্মক আকার নেওয়ায় সে দেশের সরকার কঠোর আন্তর্জাতিক সমালোচনার মুখে পড়েছে। মানবাধিকার সংগঠন গুলির রিপোর্টে অন্ততপক্ষে ৭ হাজার মানুষ নিহত এবং অর্থ নৈতিক কঠিন অবস্থা ও  রাজনৈতিক  পরিবর্তনের দাবির জেরে চলা অস্থির পরিস্থিতিতে হাজার হাজার মানুষকে আটক রাখার খবর মিলেছে।

তেহরানের ওপর চাপ বজায় রাখতে ২০০৩ সাল থেকে মধ্যপ্রাচ্যে মার্কিন যুক্তরাষ্ট্র তার সর্ববৃহৎ সামরিক উপস্থিতি বজায় রেখেছে।। দুপক্ষের মধ্যে মূল বিতর্কের বিষয়, ইরানের ইউরেনিয়াম সমৃদ্ধিকরণ এবং যাতে তা অস্ত্র নির্মাণের পর্যায়ে না পৌঁছায়, সে বিষয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্রমাগত চাপ।

শান্তিপূর্ণ সমাধানে পৌঁছতে দুপক্ষ আগ্রহ প্রকাশ করলেও মার্কিন রাষ্ট্রপতি সতর্ক করে দিয়ে বলেছেন কূটনীতি ব্যর্থ হলে ইরানের পারমাণবিক উচ্চাকাঙ্ক্ষা সংযত করতে সামরিক ব্যবস্থার বিকল্প থাকছেই।

---------------------

মহিলাদের স্বাস্থ্য সুরক্ষা এবং নিরাময়যোগ্য জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে কেন্দ্র খুব শীঘ্রই দেশব্যাপী হিউম্যান প্যাপিলোমা ভাইরাস HPV ভ্যাক্সিন চালু করতে চলেছে। এই কর্মসূচীর আওতায় ১৪ বছর বয়সী প্রায় ১ কোটি ১৫ লক্ষ মেয়েদের প্রতি বছর এই টীকা দেওয়া হবে।

সার্ভাইকাল ক্যান্সারে, বর্তমান সময়ে মহিলাদের আক্রান্ত হওয়ার প্রবণতা বেড়েছে। তবে, প্রতিরোধযোগ্য এই ক্যান্সার নির্মূলে সরকার যে দৃঢ় অবস্থান গ্রহণ করেছে, তাকেই এই কর্মসূচীর মাধ্যমে বাস্তবায়িত করা হবে । সুস্থ নারী প্রকল্পের অধীনে আসন্ন এই দেশব্যাপী কর্মসূচী, মহিলাদের স্বাস্থ্য সুরক্ষার ভিতকে আরও মজবুত করবে।

উল্লেখ্য, সার্ভাইকাল ক্যান্সারে আক্রান্তের নিরিখে ভারত এই মুহূর্তে বিশ্বের মধ্যে দ্বিতীয়স্থানে। প্রতি বছর দেশ ৮০ হাজার সার্ভাইকাল ক্যান্সার আক্রান্ত রোগীর সন্ধান মেলে। যার মধ্যে ৪২ হাজারের বেশি মৃত্যু হয় বলে দেখা গেছে।

---------------------

দিল্লি সরকার জানিয়েছে যে বিধবা পেনশন প্রাপক এবং যে সকল দিব্যাঙ্গ ব্যক্তি সরকারি পেনশন পান তাঁদের এখনথেকে প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার আওতায় আনা হবে। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্ত বলেছেন, ৩ লক্ষ ৯০ হাজারেরও বেশি বিধবা পেনশন প্রাপক এবং দিব্যাঙ্গ পেনশন প্রকল্পের আওতায় প্রায় এক লক্ষ ৩১ হাজার প্রাপক এরফলে সরাসরি উপকৃত হবেন। মুখ্যমন্ত্রী বলেন এটি শুধুমাত্র একটি প্রশাসনিক সিদ্ধান্ত নয়, বরং দিল্লির প্রতিটি অভাবী পরিবারের স্বাস্থ্য এবং মর্যাদার সঙ্গে যুক্ত এক প্রতিশ্রুতি।

---------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ নতুন দিল্লিতে পুষা কৃষি বিজ্ঞান মেলার উদ্বোধন করেছেন। অনুষ্ঠানে শ্রী চৌহান বলেন, সারের ব্যবহার বাড়ানো, নকল কীটনাশকের ব্যবহার কমানোর উদ্দেশ্যে সরকার কাজ করে চলেছে। প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার অধীনে কৃষকদের প্রায় ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে।

বাইট-শিবরাজ-কৃষি মেলা

কেন্দ্র ও রাজ্য সরকারের সহযোগিতায় এই মেলা কৃষিক্ষেত্রের মহা কুম্ভে পরিণত হয়েছে বলেও তিনি মন্তব্য করেন।

---------------------

সুপ্রিম কোর্ট, অষ্টম শ্রেণীর এনসিইআরটি পাঠ্য বইয়ে বিচার বিভাগে দুর্নীতির প্রসঙ্গ উত্থাপনের বিষয়টি স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ এব্যাপারে গভীর উদ্বেগ

প্রকাশ করেছে। প্রবীণ আইনজীবী কপিল সিবাল আজ আদালতে জানান, অষ্টম শ্রেণীর পড়ুয়াদের যেভাবে বিচার বিভাগের দুর্নীতি সম্পর্কে পাঠ দেওয়া হচ্ছে, তা অত্যন্ত উদ্বেগের। বিচারপতি জয়মাল্য বাগচি একে সংবিধানের মূল কাঠামোর পরিপন্থী হিসাবে মন্তব্য করেন। প্রধান বিচারপতি জানান, শীর্ষ আদালতের পাশাপাশই হাইকোর্টের বিচারপতিরাও এ ব্যাপারে অত্যন্ত বিচলিত। আদালতের মানহানি কোনোভাবেই মেনে নেওয়া হবে না বলেও বেঞ্চ স্পষ্ট জানিয়েছে।

উল্লেখ্য, এনসিইআরটির অষ্টম শ্রেণীর সোশ্যাল সায়েন্সের নতুন পাঠ্য পুস্তকে বিচার ব্যবস্থায় বিভিন্ন চ্যালেঞ্জ হিসাবে দুর্নীতি, বহু মামলা বকেয়া থাকা এবং বিচারকদের ঘাটতির কথা উল্লেখ করা হয়েছে।

---------------------

বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ শাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী তারেক রহমান বুধবার শহীদ সেনা দিবস উপলক্ষে পিলখানা ট্র্যাজেডিতে নিহতদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেছেন। তাঁরা সকাল ১০টায় বনানীর সামরিক কবরস্থানে পুষ্পস্তবক অর্পণ করেন এবং শহীদ সেনাআধিকারিকদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ, সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌপ্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান, এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান এবং বর্ডার গার্ড বাংলাদেশের মহানির্দেশক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকীও উপস্থিত ছিলেন।

২০০৯ সালের ২৫ও ২৬ শে ফেব্রুয়ারি, পিলখানায় তৎকালীন বাংলাদেশ রাইফেলস সদর দপ্তরে ৫৭ জন সেনা আধিকারিক সহ মোট ৭৪ জন নিহত হন । যা সেদেশের সামরিক ইতিহাসের সবচেয়ে ভয়াবহ ঘটনাগুলির মধ্যে একটি।

---------------------

কলম্বোর প্রেমদাসা স্টেডিয়ামে আজ আইসিসি ক্রিকেট বিশ্বকাপে সুপার এইট-এর ম্যাচে শ্রীলঙ্কা, নিউজিল্যান্ডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধে সাতটায়। গতকাল শ্রীলঙ্কার পাল্লেকেলে আন্তর্জাতিক স্টেডিয়ামে আই সি সি-র টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপে সুপার এইট পর্বের দ্বিতীয় গ্রুপের ম্যাচে গতরাতে ইংল্যান্ড ২ উইকেটে পাকিস্তানকে পরাজিত করেছে।

জয়ের জন্য ১৬৫ রানের লক্ষ্য তাড়া করে ইংল্যান্ড ৫ বল বাকি থাকতে ৮ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। অধিনায়ক হ্যারি ব্রুক ৫১ বলে দর্ধর্ষ শত রান করেন। দলের হয়ে লিয়াম দোসন ৩-টি উইকেট দখল করেন। এর আগে প্রথমে ব্যাট করতে নেমে পাকিস্তান নির্ধারিত ২০ ওভারে ৯ উইকেটে ১৬৪ রান করে। সাহিব জাদা ফারহান ৪৫ বলে ৬৩ রান করেন। পাকিস্তানের হয়ে ৩-টি উইকেট দখল করেন শাহিন আফ্রিদি।

--------------------- ---------------------